দৈনিক সংবাদ

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 1 0 FEB 1989
পৃষ্ঠা ... কলাম ...

# বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়ন করুন

—রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়ন করার এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য আহ্বান জানিয়েছেন।

বাসস জানায়, রাষ্ট্রপতি গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন। তিনি সময়মত ক্লাস

(৭-এর পাতায় দেখুন)

## রাষ্ট্রপতি

(১ম পাতার পর)

ও পরীক্ষা নিয়ে শিক্ষা সেশন নিয়মিত করার নির্দেশ দেন।

বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্য রাষ্ট্রপতি এরশাদ বিশ্ববিদ্যালয়গুলোর সার্বিক প্রশাসন সুবিন্যস্ত করার ওপর গুরুত্বারোপ করেন। বিশ্ববিদ্যালয়গুলো দক্ষতার সঙ্গে পরিচালনার ক্ষেত্রে কোন বিশৃঙ্খলা সহ্য করা হবে না বলে তিনি উল্লেখ করেন।

রাষ্ট্রপতির সচিবালয়ে অনুষ্ঠিত বৈঠকে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর এম,এ বারী, রাষ্ট্রপতির মুখ্য সচিব এ, এইচ, এফ, কে সাদিক